# হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

হজের ওয়াজিব (হজে তামাত্তু)

- মীকাত থেকে ইহরাম করা।
- সূর্যাস্ত পর্যন্ত আরাফায় অবস্থান করা।
- মুযদালিফায় অবস্থান করা; মুযদালিফায় রাত্রিযাপন করা।
- রামি করা; জামরাতসমূহে কংকর নিক্ষেপ করা।
- হাদীর পশু যবেহ করা।
- কসর বা হলক্ব করা; চুল ছেঁটে ফেলা অথবা মাথা মুণ্ডন করা।
- আইয়ামে তাশরীকের রাতগুলোতে মিনায় রাত্রিযাপন করা।
- তাওয়াফে বিদা করা; হজ শেষে মক্কা ত্যাগের পূর্বে বিদায়ী তাওয়াফ করা।

* পরিস্থিতি বা কারণ সাপেক্ষে কিছু কাজের ছাড় বা ব্যতিক্রম রয়েছে।

হজের কোনো একটি ওয়াজিব যদি বাদ পড়ে (ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত) তাহলে হজ বাতিল হবে না। তবে এজন্য হারাম এলাকার মধ্যে একটি পশু জবাই করে (দম) সম্পূর্ণ মাংস বিতরণ করা কাফফারা হিসাবে অত্যাবশ্যকীয় হয়ে যাবে। বিনা ওজরে হজের কোনো একটি ওয়াজিব বাদ দেওয়া গুনাহের কাজ। দম দিয়ে মুক্তি পাওয়ার পাশাপাশি আল্লাহর তা'আলার কাছে অনুতপ্ত হয়ে ক্ষমা প্রার্থণা করা বাঞ্চণীয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6532

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন